



শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ শিশু একাডেমি  
বগুড়া



২৮ চৈত্র ১৪২৮

তারিখঃ -----

১১ এপ্রিল ২০২২

স্মারক সংখ্যা-বানব-১৮৭-বাশিএ/জেশা/বগ/২০০৯-২২/৩২

**বিষয় :** বাংলা নববর্ষ ১৪২৯ উপলক্ষে শিশুদের চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতা প্রসংগে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন উপলক্ষে আগামী ৩০ চৈত্র ১৪২৮/ ১৩ এপ্রিল ২০২২ তারিখ বিকাল ৩টায় জেলা পরিষদ ভবনস্থ বাংলাদেশ শিশু একাডেমী, বগুড়া কার্যালয়ে শিশুদের মাঝে চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতা নিম্নের সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

ক্রঃনং	প্রতিযোগিতার নাম	শ্রেণী/ বিভাগ	মাধ্যম/ বিষয়	তারিখ ও সময়
১.	কুইজ প্রতিযোগিতা	ক বিভাগ(৫ম হতে ৭ম শ্রেণি) খ বিভাগ(৮ম হতে ১০ম শ্রেণি)		১৩ এপ্রিল ২০২২ সময় : বিকাল ৩টা
২.	চিত্রাঙ্কন প্রতিযোগিতা	ক-বিভাগ (পে থেকে ১ম শ্রেণি) খ-বিভাগ (২য় থেকে ৪র্থ শ্রেণি) গ-বিভাগ (৫ম থেকে ৭ম শ্রেণি) ঘ-বিভাগ(৮ম থেকে ১০ম শ্রেণি) ঙ-বুদ্ধি প্রতিবন্ধি শিশুদের জন্য(১০ম শ্রেণি পর্যন্ত)	ইচ্ছেমতো (জল রং/প্যাস্টেল রং) গ্রীষ্মকাল(জল রং/প্যাস্টেল রং) বৈশাখী মেলা(জল রং/প্যাস্টেল রং) বাংলা নববর্ষের শোভাযাত্রা (জল রং/প্যাস্টেল রং) ইচ্ছেমতো(জল রং/প্যাস্টেল রং )	১৩ এপ্রিল ২০২২ সময় : বিকাল ৩টা

চিত্রাঙ্কন প্রতিযোগীদের চিত্রাঙ্কনের জন্য শুধু কার্টিস পেপার সরবরাহ করা হবে। অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি সংগে আনতে হবে।  
। কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিশুদের নামের তালিকা আগামী ১৩ এপ্রিল ২০২২ সকাল-১১টার মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। সরাসরিও নাম রেজিস্ট্রেশন করা যাবে।

উক্ত প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের/সংগঠনের শিশুরা যাতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হল।

১১.৪.২২

(শাহ মোঃ ইসাহাক আলী)  
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা  
বগুড়া।

প্রাপকঃ অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট/পরিচালক/সভাপতি/

....., বগুড়া।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২. জেলা প্রশাসক, বগুড়া।
৩. পুলিশ সুপার, বগুড়া।
৪. জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া(গৃহিত কর্মসূচিতে ছাত্র/ছাত্রীরা যাতে অংশগ্রহণ করতে পারে তার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

